

ইউক্রেন নিয়ে উত্তেজনার মধ্যে মাছ ধরা নিয়ে জাপান-রাশিয়ার চুক্তি

প্রথম আলো ডেস্ক



রাশিয়ার নদীগুলোয় স্যামন ও ড্রাউট মাছ ধরার ক্ষেত্রে টোকিওর কোটা নিয়ে একটি চুক্তিতে উপনীত হয়েছে জাপান ও রাশিয়া
ছবি: রয়টার্স

রাশিয়া ইউক্রেনে হামলা শুরুর পর পশ্চিমা দেশগুলোর মতো জাপান মস্কোর ওপর একাধিক নিষেধাজ্ঞা দিয়েছে। এ নিয়ে দেশ দুটির মধ্যে সম্পর্কের অবনতি হয়েছে। তবে এ পরিস্থিতির মধ্যে রাশিয়ার নদীগুলোয় স্যামন ও ড্রাউট মাছ ধরার ক্ষেত্রে টোকিওর কোটা নিয়ে একটি চুক্তিতে উপনীত হয়েছে জাপান ও রাশিয়া।

বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদনে এ খবর জানিয়ে বলা হয়, রাশিয়া ও জাপানের মধ্যে সম্পর্কের এমন অবনতির কারণে চলতি বছর দুই দেশের সরকারের আলোচনা হবে কি না, তা নিশ্চিত নয়। এতে একই সঙ্গে জাপানের উত্তরাঞ্চলীয় বিতর্কিত দ্বীপগুলোয় দেশটির মৎস্যজীবীদের ভাগ্যও অনিশ্চিত হয়ে পড়েছিল।

এ বছর উপকূলে জাপানের মৎস্যজীবীরা দেশটির বিশেষ অর্থনৈতিক অঞ্চলে ২ হাজার ৫০ টন স্যামন ও ট্রাউট মাছ ধরতে পারবেন বলে দুই দেশের সমঝোতা হয়েছে। জাপানের মৎস্য সংস্থা বলছে, এ জন্য বার্ষিক মাছ ধরার ওপর নির্ভর করে রাশিয়াকে ২০ থেকে ৩০ কোটি ইয়েন (জাপানি মুদ্রা) দেবে জাপান সরকার।

ইউক্রেন নিয়ে টোকিও ও মস্কোর উত্তেজনা বাড়ার মধ্যেই চলতি মাসে মাছ ধরা নিয়ে জাপান এবং রাশিয়ার প্রতিনিধিদের মধ্যে চুক্তি নিয়ে আলোচনা শুরু হয়।

ইউক্রেনে হামলা শুরুর পর জাপান রুশ কূটনীতিকদের বহিষ্কার ও বন্ধুপ্রতিম দেশের তালিকা থেকে রাশিয়াকে বাদ দেওয়া ছাড়াও কিছু নিষেধাজ্ঞা দিয়েছে।

টোকিওর এসব নিষেধাজ্ঞার জবাবে রাশিয়াও জাপানের সঙ্গে স্থগিত শান্তি আলোচনা থেকে নিজেদের প্রত্যাহার করে ও যৌথ অর্থনৈতিক প্রকল্প থেকে সরে যায়।



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২২ প্রথম আলো